# উইন্ডোজ ৮-এ ওয়্যারলেস ইন্টারনেট সংযোগ

**কে এম আলী রেজা**

অনেকেই এখন কমপিউটারে উইন্ডোজ ৮ অপারেটিং সিস্টেম ব্যবহার করছেন। উইন্ডোজ ৮ অপারেটিং সিস্টেম নিজ থেকেই সবসময় ইন্টারনেট সংযোগ সুবিধাগুলো খুঁজতে থাকে। আশপাশে যেসব সংযোগ পাওয়া যাবে, তার মধ্যে যদি কোনোটির সাথে আপনি ইতোপূর্বে যুক্ত হয়ে থাকেন, তাহলে উইন্ডোজ ৮ সাথে সাথে যুক্ত হয়ে সেই তথ্যটি ওয়েব ব্রাউজারকে জানিয়ে দেবে। নিজ থেকে আপনাকে পুরনো সংযোগে যুক্ত হতে হবে না। উইন্ডোজ ৮ নিজ থেকেই কাজটি সম্পন্ন করবে।
এক জায়গা থেকে অন্য জায়গায় যেতে বা ভ্রমণের সময় উইন্ডোজ ৮ সংবলিত আপনার কমপিউটারটি অনেক নতুন নতুন ওয়্যারলেস নেটওয়ার্ক খুঁজে পাবে। তবে নতুন সব সংযোগে কমপিউটারকে যুক্ত করতে হলে আপনাকে সেগুলো অথরাইজ করতে হবে। উইন্ডোজকে নির্দিষ্ট করে দিতে হবে আপনি কোন সংযোগে যুক্ত হতে ইচ্ছুক। সিকিউরড সংযোগে যুক্ত হতে পাসওয়ার্ডের প্রয়োজন হবে। আনসিকিউরড বা ফ্রি ওয়্যারলেস নেটওয়ার্কে যুক্ত হতে কোনো পাসওয়ার্ডের প্রয়োজন হবে না।

অফিস, বাসা, শপিং মল বা ক্যাফে সব জায়গায়ই প্রথমবারের মতো কাছাকাছি ওয়্যারলেস নেটওয়ার্কে যুক্ত হওয়ার জন্য নিচের ধাপগুলো অনুসরণ করতে হবে।

০১. প্রথমে চার্মস বার সামনে নিয়ে আসুন এবং সেটিংস আইকনে ক্লিক করুন। নিচের যেকোনো একটি উপায়ে আপনি চার্মস বার এবং সেটিংস আইকন অ্যাক্সেস করতে পারেন।

***মাউস :*** স্ক্রিনের একেবারে উপরে বা নিচে মাউস পয়েন্টারটি নিয়ে যান। যখন চার্মস বার সামনে আসবে, তখন সেটিংস আইকনে ক্লিক করুন।

***কীবোর্ড :*** সেটিংস স্ক্রিনে সরাসরি যাওয়ার জন্য কীবোর্ড থেকে Windows+I ক্লিক করুন।

***টাচস্ক্রিন :*** স্ক্রিনের ডান প্রান্ত থেকে হাতের আঙুল ভেতরের দিকে টেনে আনুন। এবার চার্মস বার স্ক্রিনে দেখা গেলে সেটিংস আইকনে আঙুল দিয়ে ক্লিক করুন।

*এবার সেটিংস স্ক্রিনে ওয়্যারলেস নেটওয়ার্ক আইকনে ক্লিক করুন। সাধারণত সেটিংস স্ক্রিনের ছয়টি আইকনের মধ্যে ওপরের বাম দিকের আইকনটি ওয়্যারলেস নেটওয়ার্ককে নির্দেশ করে থাকে। পারিপার্শ্বিক অবস্থার উপর ভিত্তি করে আইকনটি আকার পরিবর্তন হতে পারে। আইকনটির স্ট্যাটাস হতে পারে নিম্নরূপ :*

**Available :** এ ক্ষেত্রে বুঝতে হবে আপনার আশপাশে অ্যাক্সেস সীমার মধ্যে কোনো ওয়্যারলেস নেটওয়ার্কের উপস্থিতি রয়েছে।

**Unavailable** : আইকনটি যখন Unavailable হিসেবে প্রদর্শন করে, তখন বুঝতে হবে আপনি ওয়্যারলেস নেটওয়ার্ক সীমার বাইরে চলে গেছেন।

০২. Available আইকনের উপস্থিতি সাপেক্ষে এতে ক্লিক করুন। উইন্ডোজ ৮ অপারেটিং সিস্টেম আপনার আশপাশে সব ওয়্যারলেস নেটওয়ার্ক কমপিউটারে দেখাবে। আপনার কমপিউটারে অসংখ্য ওয়্যারলেস নেটওয়ার্কের উপস্থিতিতে অবাক হওয়ার কিছু নেই।

কমপিউটারে তালিকাভুক্ত নেটওয়ার্কগুলো থেকে যে নেটওয়ার্কে আপনি যুক্ত হতে চান, তার নামের ওপর ক্লিক করে আবার কানেক্ট বাটনে ক্লিক করুন। কানেক্ট বাটনে ক্লিক করার আগে আপনি যদি পাশের কানেক্ট অটোমেটিক্যালি চেকবক্সে ক্লিক করেন, তাহলে পরবর্তী সময় ওই নেটওয়ার্কের কাছাকাছি হওয়া মাত্রই উইন্ডোজ নিজ থেকেই যুক্ত হবে। সে ক্ষেত্রে কানেক্ট বাটনে পুনরায় ক্লিক করার প্রয়োজন হবে না।




আনসিকিউরড নেটওয়ার্কে, অর্থাৎ যে ক্ষেত্রে পাসওয়ার্ড এন্ট্রি দেয়ার প্রয়োজন হয় না, যুক্ত হওয়ার জন্য আপনার কাজ এখানে শেষ হবে। আনসিকিউরড নেটওয়ার্কে যুক্ত হওয়ার সময় উইন্ডোজ আপনাকে একটি সতর্কবার্তা দেবে। অনলাইনে আর্থিক লেনদেনের ক্ষেত্রে এ ধরনের আনসিকিউরড নেটওয়ার্ক ব্যবহার করা নিরাপদ নয়। আর্থিক লেনদেনের ক্ষেত্রে এ ধরনের নেটওয়ার্ক পরিহার করাটাই ভালো।

০৩. সিকিউরড ওয়্যারলেস নেটওয়ার্কে অ্যাক্সেস : সিকিউরড ওয়্যারলেস নেটওয়ার্কে অ্যাক্সেস পেতে আপনাকে অবশ্যই অনুমোদিত পাসওয়ার্ড এন্ট্রি দিতে হবে। পাসওয়ার্ডটি নেটওয়ার্ক সিকিউরিটিকী নামেও পরিচিত। ওয়্যারলেস নেটওয়ার্ক সেটআপ করার সময় রাউটারের জন্য নির্ধারিত পাসওয়ার্ডটি নেটওয়ার্ক কী হিসেবে ব্যবহার হয়।

আপনি যদি অন্য কারও পাসওয়ার্ড প্রটেক্টেড ওয়্যারলেস নেটওয়ার্কে যুক্ত হতে চান, তাহলে ওই নেটওয়ার্কের মালিক বা অ্যাডমিনিস্ট্রেটরের কাছ থেকে পাসওয়ার্ডটি জেনে নিতে পারেন। বড় বড় হোটেলে ওয়্যারলেস নেটওয়ার্ক অ্যাক্সেস সুবিধা দেয়া হয়। এ ক্ষেত্রে হোটেলের ফ্রন্ট ডেস্ক বা রিসিপশন থেকে অ্যাক্সেস পাসওয়ার্ডটি জেনে নিতে হবে।

০৪. ওয়্যারলেস নেটওয়ার্কে আপনি অন্যদের সাথে কমপিউটারের কোন কোন ফাইল বা ফোল্ডার শেয়ার করবেন, তা আগে থেকেই নির্দিষ্ট করে দিন। যদি নিজ বাসা বা অফিস নেটওয়ার্কে যুক্ত থাকেন তাহলে Yes, turn on sharing and connect to devices অপশন সিলেক্ট করুন। এর ফলে আপনি অনায়াসে অন্যদের সাথে ফাইল শেয়ার করতে পারবেন এবং নেটওয়ার্ক ডিভাইস যেমন প্রিন্টার ব্যবহার করতে সক্ষম হবেন। পক্ষান্তরে যদি পাবলিক স্পেসে ওয়্যারলেস নেটওয়ার্ক ব্যবহার করেন, তাহলে সেক্ষেত্রে No, don't turn on sharing or connect to devices অপশনটি সিলেক্ট করুন। এতে অপ্রত্যাশিত ইউজাররা আপনার কমপিউটারে অ্যাক্সেস নিতে বিরত থাকবে।

ওয়্যারলেস নেটওয়ার্কে সংযোগের ক্ষেত্রে ওপরের ধাপগুলো সম্পন্ন করার পরও যদি কোনো সমস্যা থেকে যায়, তাহলে নিম্নোক্ত বিষয়গুলোর প্রতি লক্ষ রাখুন :

* উইন্ডোজ যখন আপনাকে জানাবে যে সে ওয়্যারলেস নেটওয়ার্কে অ্যাক্সেস করতে পারছে না, তখন সে নিজ থেকেই নেটওয়ার্ক ট্রাবলশুটার টুলটি কাজে লাগাতে পরামর্শ দেবে। নেটওয়ার্ক ট্রাবলশুটার সমস্যা পরীক্ষা করে দেখবে এবং সমস্যার কারণ নির্ণয় করে তার সমাধানের সম্ভাব্য উপায়গুলো জানাবে। পরামর্শ অনুযায়ী আপনি উদ্ভূত সমস্যা সমাধানে ব্যবস্থা নেবেন।
* সিকিউরড নেটওয়ার্কে যুক্ত হতে ব্যর্থ হলে আপনি প্রাপ্যতা সাপেক্ষে আনসিকিউরড নেটওয়ার্কে যুক্ত হতে পারেন। সাধারণ ব্রাউজিং বা মেইলিংয়ের জন্য আনসিকিউরড নেটওয়ার্ক সুবিধা কাজে লাগাতে পারেন।
* মনে রাখবেন বাসা বা অফিসে কর্ডলেস ফোন বা মাইক্রোওয়েভ ওভেন ওয়্যারলেস নেটওয়ার্ক সিগন্যালকে বাধাগ্রস্ত করে। যে কক্ষে ওয়্যারলেস কমপিউটার ব্যবহার করা হয়, সেখানে কর্ডলেস ফোন বা মাইক্রোওয়েভ ওভেন ব্যবহার না করাই ভালো।
* ডেস্কটপ টাস্কবারে ওয়্যারলেস নেটওয়ার্ক আইকন থাকলে আইকনে ক্লিক করে নেটওয়ার্কে সংযুক্ত বা বিচ্ছিন্ন হওয়া যাবে। উল্লেখ্য, উইন্ডোজ ৮ ডেস্কটপে ওয়্যারলেস নেটওয়ার্ক নতুন লোকেশনে কোনো নেটওয়ার্ক খুঁজে পাওয়া এবং তার সাথে সংযুক্ত হওয়ার প্রক্রিয়াটি অনেক সহজ করে দিয়েছে।

ওয়্যারলেস নেটওয়ার্কের ব্যবহার এখন ব্যাপক জনপ্রিয়তা পেয়েছে। উপরের বিষয়গুলো লক্ষ রাখলে উইন্ডোজ ৮-এর পাশাপাশি অন্যান্য অপারেটিং সিস্টেমে ওয়্যারলেস নেটওয়ার্ক ব্যবহারের বিষয়টি অনেক সহজ হয়ে যাবে কজ

**ফিডব্যাক :** *kazisham@yahoo.com*